দৈনিক বাংলা

তারিখ 29 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ৫

238

# ঢাকা ভার্সিটিতে ব্যাচেলর অব এডুকেশন অনার্স কোর্স চালু হচ্ছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ শিক্ষা-ক্ষেত্রে বিশেষজ্ঞ জনশক্তির চাহিদা মেটাবার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে ১৯৯৫-৯৬ শিক্ষা বছরে ডিপ-ইন-এড কার্যক্রম বিলুপ্ত করে তিনবছর মেয়াদী ব্যাচেলর অব এডুকেশন অনার্স চালু করা হচ্ছে।

ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট এই কার্যক্রমের শিক্ষাক্রম অনুমোদন করেছে। অল্পদিনের মধ্যেই এই কার্যক্রমে ভর্তির প্রক্রিয়া শুরু হবে।